

## বিদ্যুৎ বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের উল্লিখিত অর্জনসমূহ

- (০১) মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিদ্যুৎ খাতে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। বিদ্যুৎ গ্রাহক সংখ্যা ২ কোটি ১৮ লক্ষ হতে বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থ-বছরে ২ কোটি ৫৯ লক্ষে উন্নীত হয়েছে; অর্থাৎ ৪১ লক্ষ নতুন গ্রাহক প্রতিবেদনাধীন অর্থ-বছরে বিদ্যুৎ সংযোগ পেয়েছে।
- (০২) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ৭৬ ভাগ হতে বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থ-বছরে শতকরা ৮০ ভাগে উন্নীত হয়েছে ; অর্থাৎ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী শতকরা ৪ ভাগ বৃদ্ধি পেয়েছে।
- (০৩) ২০১৬-১৭ অর্থ-বছরে বিদ্যুতের সামগ্রিক সিস্টেম লস ১৩.১০ শতাংশ হতে ০.৯১ শতাংশ হ্রাস পেয়ে ১২.১৯ শতাংশে পৌঁছেছে।
- (০৪) মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৪০৭ কিলোওয়াট ঘন্টা হতে বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থ-বছরে ৪৩৩ কিলোওয়াট ঘন্টায় উন্নীত হয়েছে ; অর্থাৎ মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ২৬ কিলোওয়াট ঘন্টা বৃদ্ধি পেয়েছে।
- (০৫) ২০১৬-১৭ অর্থ-বছরে সর্বমোট ৪৪ হাজার ৪৯৭ কিলোমিটার বিতরণ লাইন এবং ৫৪৩ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ করা হয়।
- (০৬) ২০১৬-১৭ অর্থ-বছরে ১,৫৮৬ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে যুক্ত 01 মার্চ ২ 7  
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভি রেসিংয়ের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করা হয় (উদ্বোধন  
অনুষ্ঠানের ছবি)



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র উদ্বোধনী অনুষ্ঠানের সম্মিলিত ছবি (১ মার্চ ২০১৭)